

চট্টগ্রামের নাসিরাবাদ থেকে ৬০০০ পিস ইয়াবাসহ ২ জন গ্রেফতার



আনুমানিক মূল্য ৩০,০০,০০০/- টাকা।

অভিনব কায়দায় পানের ঝুড়ির ভিতর করে ইয়াবা পাচারকালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চলের একটি টিম উপপরিচালক জনাব মুকুল জ্যোতি চাকমা এর নেতৃত্বে অদ্য (২১/০৭/২০১৪ইং তারিখ) ভোর ৩.০০-৪.০০ ঘটিকার সময়ে চট্টগ্রাম মহানগরীর নাসিরাবাদ সানমার ওশান সিটি শপিং কমপ্লেক্স ভবনের সামনে টেকনাফ-চট্টগ্রাম-ঢাকা অভিমুখী নারায়নগঞ্জ-ট-২০১৫ নম্বরধারী পানের ঝুড়ি বোঝাই একটি হিনো ট্রাক আটকপূর্বক মোঃ জিয়াউর রহমান(৩২), পিতা- মোঃ শরীফ ওরফে শরু, সাং সাবরাং, থানা- টেকনাফ, জেলা-কক্সবাজার এবং মোঃ মনির হোসেন(২৬), পিতা- দুদু মিয়া, সাং মরিচ্যা, থানা- উখিয়া, জেলা-কক্সবাজারকে গ্রেফতার করে তাদের নিকট হতে ৬০০০(ছয় হাজার) পিস এ্যামফিটামিন যুক্ত ইয়াবা নামীয় ট্যাবলেট উদ্ধার করেছে। উদ্ধারকৃত ইয়াবা ট্যাবলেটের



তদন্তাধীন আছে।

উল্লেখ্য আসামীদ্বয় টেকনাফ ও উখিয়া এলাকার কুখ্যাত মাদক(ইয়াবা) ব্যবসায়ী। তারা অভিনব কায়দায় যেমন-শুটকি মাছের বস্তুর ভিতর, পানের ঝুড়ির ভিতর, আচারের বস্তুর ভিতর এবং আমদানীকৃত বিভিন্ন ধরনের পণ্যের ভিতর করে টেকনাফ থেকে চট্টগ্রাম ও ঢাকাসহ বিভিন্ন এলাকায় ইয়াবা পাচার করে থাকে। এ ব্যাপারে চান্দগাঁও সার্কেল পরিদর্শক জনাব ধনঞ্জয় চন্দ্র দেবনাথ বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পাঁচলাইশ থানায় একটি মামলা দায়ের করেছেন। মামলাটি বর্তমানে